উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।
ত্রিশাল উপজেলা পরিষদ এর আগষ্ট /২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মতিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৭/০৮/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব জুয়েল আহমেদ সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৩/০৭/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অত:পর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এলজিইডিঃ<br>উপজেলা প্রকৌশলী অত্র মাসিক সাধারণ সভায় সম্মানিত সভাপতিসহ সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে অবহিত করেন যে,তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র উপজেলার বিভিন্ন প্রকল্পের আওতায় বিভিন্ন স্কীমের কার্যক্রম চলমান রয়েছে। বর্ষাকালের জন্য কার্পেটিং কাজ বন্ধ রয়েছে।<br>এছাড়াও তিনি অবহিত যে, ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন অর্থের মাধ্যমে আহ্বানকৃত টেন্ডার প্যাকেজের অসমাপ্ত কাজগুলো আগামী সেপ্টেম্বর ২০২৩ ইং সম্পন্ন করা হবে মর্মে আশাবাদী। রামপুর ইউনিয়ন পরিষদ ভবন এবং বালিপাড়া কমিউনিটি ক্লিনিক পরিদর্শন কালে দেখা যায় যে, বিদ্যমান ভবনগুলো অত্যন্ত জরাজীর্ন ও ঝুঁকিপূর্ণ। এ অবস্থায় ভবনগুলো ব্যবহার না করে তা জেলা কনডেম ডিকলারেশন কমিটির মাধ্যমে কনডেম ঘোষনা করার জন্য ব্যাবস্থা গ্রহণ করতে অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, বৈলর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বৈলর, ধানীখোলা ও ফুলবাড়িয়া রাস্তাটি একটি জনগুরুত্বপূর্ণ রাস্তা, যেটি এখন চলাচলের জন্য অনুপযোগী। যে কোন সময় এ রাস্তাতে দূর্ঘটনা ঘটতে পারে। তাই জনস্বার্থে রাস্তাটি দ্রুত সংস্কার করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br>এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে, রাস্তাটির সর্বশেষ আহ্বানকৃত টেন্ডারটি বর্তমানে বাতিল করা হয়েছে এবং পুনঃরায় প্রাক্কলন প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। আশা করছি খুব দ্রুততম সময়ের মধ্যে রাস্তাটির কাজ বাস্তবায়ন করা হবে।<br><br>চেয়ারম্যান, বালিপাড়া ইউনিয়ন পরিষদের কথার প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী জানান যে, বারিক পাইপের কাজ ২০১৩ সালে এলজিইডি করে দিয়েছিল, কিন্তু কানেকশন দেয়ার কথা সমবায়ের। | ০১। ২০২২-২৩ এর অসমাপ্ত স্কীমগুলো সেপ্টেম্বর/২৩ ইং এর মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। রামপুর ইউনিয়ন পরিষদ ভবন এবং বালিপাড়া কমিউনিটি ক্লিনিক কনডেম ঘোষনা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন ও প্রাক্কলন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩। প্রস্তাবমতে জনস্বার্থে বৈলর, ধানীখোলা ও ফুলবাড়িয়া রাস্তাটি দ্রুত সংস্কার করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৪। বারিক পাইপের কাজ সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য কমিটি গঠন করার | উপজেলা নির্বাহী অফিসার<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>এলজিইডি,<br>ত্রিশাল,ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, এ বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য কমিটি গঠন করা হবে। | সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :**<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, ডেঙ্গু প্রতিরোধের জন্য সবাইকে সচেতন থাকতে হবে।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ সভায় জানান যে, ত্রিশাল বাসস্ট্যান্ড হতে মাছের আড়ৎ পর্যন্ত ড্রেনের জলাবদ্ধতা দূর না করলে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাবে। তাই তিনি ডেঙ্গু রোধ করতে ড্রেনের জলাবদ্ধতা দূর করার জন্য প্যানেল মেয়রকে কিছু সংখ্যক লেবার দেয়ার জন্য অনুরোধ করেন। | ডেঙ্গু রোধে এবং ড্রেনের জলাবদ্ধতা দূর করার জন্য প্রয়াজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র<br>ত্রিশাল পৌরসভা। |
| ০৩ | **উপজেলা কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন হচ্ছে। সার ডিলার সহ প্রত্যেকটা সেক্টরে মিটিং চলছে। তাদের তদারকিও চলছে। এই মুহূর্তে আউশ ধান কর্তন চলছে আর আমন রোপন চলছে। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩ সকলের সহযোগীতায় যথাযথভাবে পালিত হয়েছে। ২০২৩-২৪ আর্থিক সালে রাজস্ব বাজেটের আওতায় সুতিয়া নদীতে ২১১ কেজি এবং ১৮ টি প্রাতিষ্ঠানিক পুকুরে ২১১ কেজি পোনা অবমুক্ত করা হয়েছে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে অবগত করেন যে, দেশীয় প্রজাতির মাছ রক্ষার্থে মোবাইল কোর্ট অভিযানের বিকল্প নেই। অভিযান পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন আশ্রয়ন প্রকল্পে মেডিকেল ক্যাম্প ও ভ্যাক্সিনেশন ক্যাম্পেইন করা হবে। কোয়াকদের হাতুড়ে চিকিৎসার জন্য গবাদী পশু মারা যাচ্ছে। এজন্য মোবাইল কোর্ট করা প্রয়োজন। এছাড়া অনান্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ত্রিশালের হাতুরে চিকিৎসকদের তালিকা তৈরী করে আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৬ | **উপজেলা সমাজসেবা বিভাগ ঃ**<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ত্রিশাল উপজেলার সকল ভাতাভোগীর যাচাই বাচাই বা লাইভ ভেরিফিকেশন কার্যক্রমের ২য় পর্যায় চলমান রয়েছে। ইতোমধ্যে ৩৬১০২ জন ভাতাভোগীর মধ্যে যাচাই করা হয়েছে ৩০৭৬০ জন। অনুপস্থিত রয়েছে ৫৩৩৭ জন। ভেরিফিকেশনের অবশিষ্ট কাজ সুষ্টভাবে সম্পন্ন করার জন্য সম্মানিত চেয়ারম্যানবৃন্দের সহযোগীতা কামনা করছি।<br>এছাড়া ২০২৩-২৪ অর্থ বছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন ১০ আগষ্ট থেকে শুরু হয়েছে। আবেদন গ্রহণ চলবে ১০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত। ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। | লাইভ ভেরিফিকেশন প্রোগ্রাম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকলকে সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>ইউপি চেয়ারম্যান,<br>(সকল)। |
| ০৭ | **উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস ত্রিশাল উপজেলার ১৮১ টি প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। পাশাপাশি ডেঙ্গু প্রতিরোধে প্রতিটি প্রাথমিক | ০১। ডেঙ্গু প্রতিরোধে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ের পরিস্কার পরিছন্ন কার্যক্রম চলমান রাখার | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | বিদ্যালয়ের পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম চলমান রয়েছে।<br><br>কাঁঠাল ইউনিয়নের বিলবোকা সরকারি প্রাথমিক বিদ্যালয়টি নদী ভাঙ্গনের হুমকির সম্মুক্ষিন। ব্যাপক পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ আগামী সভায় স্কুল ওয়ারী স্কুলের বরাদ্দের তালিকা দাখিল করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। | সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০২। এ বিষয়ে সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এইচ এস সি পরীক্ষার কারনে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ত্রিশাল উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ইউনিয়ন পর্যায়ের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যণ কেন্দ্র সমূহে নিয়মিত পরিবার পরিকল্পনা সেবা, মা ও শিশু স্বাস্থ্যসেবা সাধারণ রোগী সেবা, কিশোর-কিশোরি সেবা, বয়:সন্ধিকালিন সেবা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া পরিবার পরিকল্পনা বিভাগ প্রতিষ্ঠানিক প্রসব সেবা জোরদার করণের জন্য কার্যক্রম চালিয়ে যাচ্ছে। প্রত্যন্ত অঞ্চল সমূহে সেবা কার্যক্রম সহজলভ্য করার জন্য প্রতিটি ইউনিয়নে স্যাটেলাইট ক্লিনিক কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের টি.আর, কাবিটা/কাবিখা, ইজিপিপি এর বরাদ্দ এখনো পাওয়া যায়নি। গত ২০২২-২৩ ইং অর্থবছরের বাস্তবায়িত প্রকল্প সমূহের চুড়ান্ত রিপোর্ট প্রদান করা হয়েছে। নতুন বরাদ্দ পাওয়া গেলে সভাকে জানানো হবে। | সরকার কর্তৃক নির্ধারিত নির্দেশ মোতাবেক উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম যথারিতি চলমান আছে কোন সমস্যা নেই। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে,<br><br>ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচি ঃ ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ১২ টি ইউনিয়নে জুলাই/২৩ ও আগষ্ট/২০২৩ মাসের ২৮২৪ জন উপকারভোগীর মধ্যে বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে খাদ্যশস্য বিতরণের লক্ষ্যে ডিও জারি করা হবে।<br><br>মা ও শিশু সহায়তা কর্মসূচি ঃ মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২৩ অর্থ বছরে পৌরসভা এবং প্রত্যেক ইউনিয়নে নির্ধারিত কোটা অনুযায়ী উপকারভোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট পৌরসভা ও ইউপি চেয়ারম্যানগন বরাবর পত্র প্রেরন করা হয়েছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।<br>ও<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প ঃ কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় ২০২৩ সালের ৩য় ব্যাচের ১২ টি ক্লাবে প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ১২ টি শূণ্য পদে জনবল নিয়োগ দেওয়া হয়েছে। সিএমসি সভা হয়েছে।<br><br>দিবস উদযাপন ঃ উক্ত মাসে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এর ৯৩ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভা, সেলাই মেশিন ও অনুদান বিতরন করা হয়। এছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় অত্র অফিস ও ১৩ টি কেকেসিপি কর্তৃক উদযাপন করা হয়।<br>অন্যান্য কর্মসূচি ঃ অত্র দপ্তরের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (৩য় পযায়ে ) এর আওতায় ২ মাস ব্যাপী দেশের স্বনামধন্য প্রশিক্ষন কেন্দ্রে আর্ন্তজাতিক মান সম্পন্ন বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন অব্যহত রয়েছে। এছাড়া দাপ্তরিক অনান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>ফরেস্টার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। কোন সমস্যা নেই, তবে পোড়াবাড়ী হতে কারিগরী কলেজ হয়ে মেইন রোড প্রর্যন্ত ৫.০ কিঃ মিঃ স্ট্রীপ বাগানের কিছু কিছু গাছ ঝড়ে উপড়ে পড়ায় গাছগুলি সংগ্রহ পূর্বক সংরক্ষণ করা প্রয়োজন এবং পরবর্তীতে সরকারিভাবে বিক্রয়ের প্রক্রিয়া করতে হবে। | উপজেলা বন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিভাগীয় কারনে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিভাগীয় কারনে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৭ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৮ | উপজেলা আইসিটি বিভাগ ঃ<br>উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় জানান যে, ওয়েব পোর্টাল হালনাগাদের জন্য সরকারি অফিস সিডিউল করা হয়েছিল ২৬/০৬/২০২৩ খ্রিঃ হতে ১১/০৭/২০২৩ খ্রিঃ পর্যন্ত প্রতিদিন ০৩ টি করে অফিস নিয়ে মোট ৩০ টি অফিসকে। এর মধ্যে ১৫ টি অফিস হালনাগাদের জন্য উপস্থিত ছিল। সার্ভার সমস্যার কারনে কাজ করতে পারেনি ০২ টি অফিস। তবে ওয়েব পোর্টালে ১০০% হয়েছে মোট ০৫ টি অফিস। | বাকী অফিস গুলোর ওয়েব সাইট দ্রুত আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |

| | | | |
|---|---|---|---|
| | ২০২১-২২ অর্থ-বছর ৬ষ্ঠ পর্বের ইউজিডিপি প্রকল্পের অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্পের বরাদ্দ ভ্যাট আইটি ব্যতীত মোট ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ ) টাকা দ্বারা বাস্তবায়নের লক্ষ্যে নিম্ন লিখিত ০৩ (তিন) টি উপপ্রকল্প প্রস্তাব অনুমোদনের জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয়।<br><br>ক. অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাব সমূহঃ<br><br>১ বালিদিয়া কৃষি জমিতে চাষাবাদের সেচ নালা র্নিমান।<br>২. রামপুর কাকচর বালিকা দাখিল মাদ্রাসার একাডেমিক ভবন নির্মাণ।<br>৩, ত্রিশাল উপজেলার মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য দপ্তরে আধুনিক যন্ত্রপাতি সরবরাহ। | অবকাঠামো উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাব যথাযথ ভাবে প্রস্তুত করে অনুমোদনের জন্য ইউজিডিপি প্রধান কার্যালয়, ঢাকাতে প্রেরণের জন্য অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | ও<br>উপজেলা প্রকৌশলী,<br>এলজিইডি,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২০ | পল্লী জীবিকায়ন প্রকল্প ঃ<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, নতুন অর্থ বছরের ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়িত শুরু হয়েছে। অন্যান্য সামাজিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পল্লী জীবিকায়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প কর্মকর্তা,<br>পল্লী জীবিকায়ন<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২১ | উপজেলা তথ্যকেন্দ্র ঃ<br>উপজেলা তথ্য আপা বিভাগীয় কারনে বাইরে থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২৩- ৮৭৮

তারিখ : ১৭/০৮/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :
১। জনাব মোঃ হাফেজ রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------- অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ----------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

১৭/৮/২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৫.০০১.২৩-৭৩১

তারিখ ঃ ০৭/০৮/২০২৩ খ্রি.

সভার নোটিশ

আগামী ১৭ আগষ্ট ২০২৩ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবদুল মতিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ। উপজেলা পরিষদের সকল সদস্য ও উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের প্রধানগণকে নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, স্ব-স্ব বিভাগের সভার কার্যবিবরণী জনাব নাঈমা হক, সি.এ উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ এর নিকট জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

সভার স্থান ঃ রাশেদুল ইসলাম কনফারেন্স রুম, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

সভার আলোচ্য সূচী ঃ

(ক) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

(খ) গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা।

(গ) বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।

(ঘ) বিবিধ।

০৭-৮-২০২৩
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

১। উপজেলা .............................................অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, ................................ইউনিয়ন পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে ঃ

১. জনাব মোঃ হাফেজ রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. মেয়র, ত্রিশাল পৌরসভা।
৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮. অফিস কপি।